

টোল ফ্রি: 1-800-337-7222

টিটিওয়াই টোল ফ্রি: 1-800-263-7776

www.ontario.ca/budget



অন্টারিও ট্রিলিয়াম সুবিধা (ONTARIO TRILLIUM BENEFIT):

জনগণের জন্য আরও বেশী বেছে নেয়ার সুযোগ

জনগণকে বেছে নেয়ার একটা সুযোগ দিতে সরকার ২০১৪ সালের শুরু থেকে প্রস্তাব করেছে যে অন্টারিও ট্রিলিয়াম সুবিধা (ওটিবি) (Ontario Trillium Benefit) গ্রহন করতে হয় এক কিস্তিতে অর্থ প্রদান অথবা মাসিক ভাবে অর্থ প্রদান করতে হবে।

ওটিবি তিনটি কর সুবিধাকে এক করে।

অনেকেই মাসিক বিল আসলে সহযোগিতা হিসেবে স্বাগত জানায়; অবশ্য অনেকে এক কিস্তির অর্থ প্রদানে পছন্দ বোধ করবে।

অন্টারিওর গাড়ীচালকদের আর্থিক সাশ্রয়ের সাহায্য

সরকার তার সাফল্যের উপর ভিত্তি করে অন্টারিওর ৯ মিলিয়নেরও বেশী গাড়ীচালকদের গাড়ী বিমা বাবদ খরচ স্থিতি করতে নিম্নজ্ঞো প্রস্তাব করেছে:

- ☑ একটি খরচ ও হার কমানোর কৌশল যা কিনা ভোক্তার গাড়ী বিমার কিস্তি গড়ে শতকরা ১৫ ভাগ কমে।
- ☑ গাড়ীচালকদের সাশ্রয় করতে বিমাকারীদের তুলনামূলক কম হারে দরপ্রস্তাব দিতে হবে।
- ☑ ভোক্তাদের রক্ষা এবং খরচ কমাতে গাড়ী বিমা প্রতারকদের উপর একটি চলমান অভিযান।
- ☑ সঞ্চয়ের ভাগ যাতে ভোক্তাদের দেয়া হয় তা নিশ্চিত করতে নতুন জবাবদিহিতা এবং স্বচ্ছতা ব্যবস্থা যা কিনা ব্যবসায়ের খরচ পর্যালোচনা করবে।



একটি সমৃদ্ধ

এবং

সুন্দর অন্টারিও

অন্টারিও বাজেট

২০১৩





২০১৩ বাজেটটি প্রদেশের অর্থনীতিকে দৃঢ় করতে এবং প্রত্যেককে সাফল্যের সুযোগ দিতে নতুন অন্টারিও সরকারের পরিকল্পনা।

অন্টারিওর অর্থনৈতিক কৃতিত্ব দৃঢ় হয় যখন প্রত্যেকে অর্থপ্রদভাবে চাকরি করার সুযোগ পায়, সামাজিক জীবনে অংশগ্রহণ করে এবং আমাদের প্রদেশের উন্নয়নে অবদান রাখে।

চাকরি তৈরীতে সরকারের ভূমিকা হচ্ছে ব্যবসার জন্য সঠিক পরিবেশ ও ব্যবসায়ীদের ঝুঁকি নিতে, বিনিয়োগ করতে, চাকরি তৈরী করতে এবং উৎসাহিত করতে উৎসাহিত করা।

সামঞ্জস্যতার পথে

অন্টারিওর উন্নয়ন নিশ্চিত করতে সরকার এক মাত্র সবচেয়ে গুরুত্বপূর্ণ যা করতে পারে তা হলো ঘাটতি দূরীকরণ।

অন্টারিও সরকার ২০১৭-১৮ অর্থবছরের মধ্যে ঘাটতি দূরীকরণের জন্য প্রতিশ্রুতিবদ্ধ।

২০১২-১৩ অর্থবছরের ঘাটতি আনুমানিক ৯.৮ বিলিয়ন ডলার যা গতবছরের বাজেটে প্রক্ষেপিত পরিমানের চেয়ে ৫ বিলিয়ন ডলার কম।

সরকারের পদক্ষেপের কারণে টানা চার বছর ধরে অন্টারিও পূর্বাভাসের চেয়ে কম ঘাটতি প্রতিবেদন পেশ করছে।

২০১২-১৩ অর্থবছরে কর্মসূচী বাবদ খরচের বৃদ্ধি পরপর দুই বছর শতকরা এক ভাগের কম প্রক্ষেপিত হচ্ছে।

চাকরি এবং উন্নয়নের জন্য একটি পরিকল্পনা

অন্টারিওর চাকরি এবং উন্নয়নের পরিকল্পনা নির্মিত হয় মজবুত অর্থনৈতিক ভিত্তির উপর যা সরকারের নীতি ও বিনিয়োগ ছয়টি গুরুত্বপূর্ণ ক্ষেত্রে:

১. প্রতিযোগিতামূলক ব্যবসা পরিবেশ – প্রতিযোগিতামূলক কর পদ্ধতি সমর্থন এবং কার্যকর বিধীমালা যা চাকরি তৈরী ও অর্থনৈতিক প্রবৃদ্ধিতে সহায়ক।
২. আধুনিক অবকাঠামো – যাতায়ত ব্যবস্থা, রাস্তা, বিদ্যালয় এবং হাসপাতালে বিনিয়োগ হচ্ছে উৎপাদনশীল অর্থনীতির মূল ভিত্তি।
 - সরকার পরিকল্পনা করছে পরবর্তি তিন বছরে যোগাযোগ ব্যবস্থা, স্বাস্থ্য এবং শিক্ষা খাতে ৩৫ বিলিয়ন ডলারের বেশী বিনিয়োগ যাতে প্রদেশে প্রতি বছর গড়ে ১০০,০০০-এর বেশী চাকরি হবে।
৩. অতিব দক্ষ কর্মীবাহিনী – দক্ষতা ও শিক্ষায় বিনিয়োগ সাথে সাথে যুবকদের চাকরি নিশ্চিত করে প্রদেশের জনগনের কাজ ও উন্নয়ন করতে পারে।
 - সরকার পরবর্তি দুই বছরে অন্টারিওর যুবকদের চাকরির সুযোগ বৃদ্ধিতে, শিল্পোদ্যোক্তা ও উৎসাহনীতে ২৯৫ মিলিয়ন ডলার বিনিয়োগ করে সমন্বিত যুবক চাকরি কৌশল প্রস্তাব করছে।
৪. শিল্পোদ্যোক্তা ও উৎসাহনীকে সহায়তা – বিশ্ব অর্থনীতির জন্য কোন নতুন চিন্তাকে উৎসাহনী দ্রব্য ও সেবায় রূপান্তরের অন্টারিওর ক্ষমতাকে দৃঢ়করণ।
৫. বিশ্বমুখী হওয়া – ব্যবসার প্রতিষ্ঠানের সাথে কাজ করা যাতে দ্রব্য ও সেবাসমূহ অন্টারিওর সীমারেখা ছাড়িয়ে অন্য প্রদেশসমূহ, যুক্তরাষ্ট্র এবং উদীয়মান অর্থনীতিতে প্রবেশ করতে পারে।

৬. উজ্জল ও দৃঢ় সমাজ – চাকরি তৈরী ও অর্থনৈতিক প্রবৃদ্ধির সুযোগে সকল সমাজ ও আঞ্চলিক অর্থনীতিকে সাহায্য করা।

একটি সুন্দর সমাজ

অন্টারিওর অর্থনৈতিক সাফল্য এবং সামাজিক বন্ধন আরো শক্ত হয় যখন প্রত্যেকে তাদের সম্পূর্ণ কর্মক্ষমতা দিয়ে কাজ করে সাফল্যের সুযোগ পায়।

নিম্নোক্ত উপায়ে উচ্চমান সম্পন্ন জনসেবা চালিয়ে যাওয়া:

- ☑ প্রত্যেকের জন্য উচ্চমান সম্পন্ন স্বাস্থ্য সেবা যাতে পায় তার উন্নয়ন।
- ☑ ছাত্রছাত্রীদের সাফল্যের উপর ভিত্তি করা যার মধ্যে পূর্ণদিবস কিন্ডারগার্টেন সম্পূর্ণরূপে চালুকরণ এবং নবীন ছাত্রছাত্রীদের সাফল্যের জন্য তাদের দক্ষতার উপর আরো দৃষ্টি নিবদ্ধ করন।
- ☑ মাধ্যমিক পরবর্তি শিক্ষার আরো সুযোগ বৃদ্ধিতে অন্টারিও শিক্ষা মঞ্জুরিতে শতকরা ৩০ ভাগ ছাড়।



নিম্নোক্ত উপায়ে জনগনের জন্য আরও সুযোগের প্রস্তাব:

- ☑ সামাজিক সহযোগিতা গ্রহনকারীদের চাকরির বাধা কমাতে মাসে ২০০ ডলার আয় অব্যাহতি দেয়ার প্রবর্তন করা।
- ☑ সামাজিক সহযোগিতার হারগুলো বৃদ্ধি যার মধ্যে অন্টারিও ওয়ার্কস গ্রহীতাদের যারা একক প্রাপ্তবয়স্ক এবং কোন সন্তান নেই তাদের একটি বৃদ্ধি করন।
- ☑ অন্টারিও ওয়ার্কস-এর তরল সম্পত্তি বৃদ্ধি যাতে গ্রহীতারা সঞ্চয় করতে পারে এবং আর্থিক ভাবে আরো নিরাপদ হয়।
- ☑ সামাজিক সহযোগিতা পুনর্গঠনে সরাসরি যুক্ত করে অ্যাবরিজিন্যাল জনগণের বৃহত্তর সুযোগের সহযোগিতা, অ্যাবরিজিন্যাল শিশু ও যুবক জনগণের প্রয়োজন আরো মেটাতে তাদের আবাসনের জন্য এবং সেবা সমূহের সংস্কারের জন্য আরো সহযোগিতা।

